দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ..২৪. JUN 1988 ...
পৃষ্ঠা ... ৫ কলাম ..৪...

121

## স্টাইপেণ্ড প্রসঙ্গে

এসএসসি পরীক্ষায় ভাল রেজাল্ট করিলে বোর্ড কর্তৃপক্ষ স্টাইপেণ্ড প্রদান করিয়া থাকেন। নিয়মানুযায়ী গত '৮৮ ইং শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদেরকে মেধানুযায়ী ইতিমধ্যে বোর্ড কর্তৃক স্টাইপেণ্ড দেয়া হইতেছে। একটি বিষয় লক্ষ্যণীয় যে, মান উন্নয়ন ছাত্র-ছাত্রী স্টাইপেণ্ডযোগ্য হইলেও তাহাদের স্টাইপেণ্ড দেয়া হয় না। তাই বোর্ড কর্তৃপক্ষের কাছে প্রশ্ন, মান উন্নয়ন কি একজন ছাত্র্-ছাত্রীর জন্য কলঙ্ক?

সাধারণতঃ পরীক্ষার সময় একজন ছাত্র-ছাত্রী আশানুরূপ রেজাল্ট করিতে ব্যর্থ হইয়া পরবর্তীতে আবার পরীক্ষা দিলে এবং মান উন্নয়ন হইলে স্বভাবতঃই এক বৎসর পেছনে পড়িতে হয়। জানি না, মান উন্নয়নের ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের কেন এই বিমাতাসুলভ আচরণ? আমরা আশা করিব বোর্ড কর্তৃপক্ষ এই ব্যাপারে সদয় দৃষ্টি দিবেন।

কবির, আলম
কটিয়াদী, কিশোরগঞ্জ।